# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

ঋণ ও অগ্রিম উপ-বিভাগ

অপারেশন সার্কুলার নং-০৭/২০২০ তারিখ: ১৯-১০-২০২০

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
বাংলাদেশ।

**বিষয়ঃ করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ''কৃষি খাতে" প্রাপ্ত ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ বিতরণের নীতিমালা।**

প্রিয় মহোদয়,

সম্প্রতি নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে দেশের অন্যান্য জনগোষ্ঠীর ন্যায় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরও আয় উৎসারী কর্মকান্ড বাধাগ্রস্ত হচ্ছে। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের আয় উৎসারী কর্মকান্ড চলমান রাখার মাধ্যমে কৃষি খাতে উৎপাদন বৃদ্ধি, দারিদ্র বিমোচন ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বিগত ১৮-০৬-২০২০ তারিখের সূত্র নং-এসিডি(জিবিডি)৫৩৭(৫৪)/২০২০-২২০০ এবং বিগত ১৩-১০-২০২০ তারিখে সূত্র নং এসিডি(জিবিডি)৫৩৭(৫৪)/২০২০-৫১০১ মোতাবেক **''কৃষি খাতে"** প্রাপ্ত ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ মঞ্জুরী প্রদান করা হয়েছে। ২৮-০৬-২০২০ তারিখে অনুষ্ঠিত ব্যাংক পরিচালনা বোর্ডের ৯৩ তম সভার অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংকের নীতিমালার আলোকে **"বাংলাদেশ ব্যাংকের তহবিলে কৃষি ঋণ"** নামে একটি নুতন ঋণ প্রোডাক্ট চালু করা হলো।

২। **আলোচ্য ঋণ কর্মসূচী বাস্তবায়নের জন্য নিম্নোক্ত নীতিমালা জারী করা হলো :**

<table>
<tr><th>ক্র: নং</th><th>বিষয়</th><th></th><th>বিবরণ</th></tr>
<tr><td>১।</td><td>ঋণ কর্মসূচীর নাম</td><td>:</td><td>"বাংলাদেশ ব্যাংকের তহবিলে কৃষি ঋণ"</td></tr>
<tr><td>২।</td><td>টার্গেট গ্রুপ</td><td>:</td><td>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ এই কর্মসূচীর আওতায় ঋণ প্রাপ্য হবেন।</td></tr>
<tr><td>৩।</td><td>ঋণ বিতরণের এলাকা</td><td>:</td><td>শাখার আওতাধীন কর্ম এলাকা। শাখার আওতাধীন কর্ম এলাকা বলতে শাখা সংশ্লিষ্ট থানা/উপজেলা/জেলা সদর/সিটি কর্পোরেশন এলাকা।</td></tr>
<tr><td>৪।</td><td>তহবিলের উৎস ও মেয়াদ</td><td>:</td><td>বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে, ৩ বছর মেয়াদে।</td></tr>
<tr><td>৫।</td><td>ঋণের খাতসমূহ</td><td>:</td><td>
<table>
<tr><th>ক্র: নং</th><th>খাতের নাম</th><th>ক্র: নং</th><th>খাতের নাম</th></tr>
<tr><td>১</td><td>ফসল ঋণ; (ক) রোপা আমন (খ) রবি ফসল (গ) গ্রীষ্মকালীন ফসল (ঘ) তুলা (ঙ) বীজ উৎপাদন (চ) অন্যান্য ফসল (আদা, কচু ইত্যাদি)।</td><td>১০</td><td>প্রাণিসম্পদ উন্নয়ন: (ক) হালের গরু/মহিষ (খ) প্রাণিসম্পদ উন্নয়ন: গরু মোটাতাজাকরণ, দুগ্ধ খামার, ছাগল/ভেড়ার খামার (গ) হাঁস/মুরগির খামার (ঘ) কেঁচো কম্পোস্ট সার;</td></tr>
<tr><td>২</td><td>নার্সারী ও উদ্যানভিত্তিক ফসল (আম, লিচু, পেয়ারা চাষ, ড্রাগন ফল চাষ, আনারস, বাউকুল, ওয়েল পাম ইত্যাদি)।</td><td>১১</td><td>কৃষি যন্ত্রপাতি: (ক) পাওয়ার টিলার (খ) ট্রাক্টর (গ) ফসল কাটা ও মাড়াইয়ের যন্ত্র (ঘ) অন্যান্য কৃষি যন্ত্রপাতি:</td></tr>
<tr><td>৩</td><td>পান বরজ:</td><td>১২</td><td>আয় উৎপাদনক্ষম কর্মকান্ড;</td></tr>
<tr><td>৪</td><td>মাশরুম চাষ;</td><td>১৩</td><td>গ্রামীণ পরিবহন (নৌকা, রিক্সা, ভ্যান, গরুর গাড়ি ইত্যাদি);</td></tr>
<tr><td>৫</td><td>মধু চাষ, রেশমগুটি উৎপাদন, কাজু বাদাম চাষ, লাক্ষাগাছ, খয়েরগাছ উৎপাদন, রেশম চাষ, তুলা চাষ, তুঁত গাছ চাষ, চা ফসল, ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষ:</td><td>১৪</td><td>জলমহাল ব্যবস্থাপনা:</td></tr>
<tr><td>৬</td><td>মৎস্য সম্পদ উন্নয়ন; (ক) মৎস্য চাষ (খ) চিংড়ি চাষ (গ) একুয়াকালচার (ঘ) রেণু উৎপাদন:</td><td>১৫</td><td>তাঁত শিল্প:</td></tr>
<tr><td>৭</td><td>লবণ চাষ;</td><td>১৬</td><td>নারী কর্মসৃজন:</td></tr>
<tr><td>৮</td><td>শস্যগুদাম ও কৃষিজাতপণ্য বাজারজাতকরণ;</td><td>১৭</td><td>কৃষি ভিত্তিক প্রকল্পে চলতি মূলধন;</td></tr>
<tr><td>৯</td><td>সেচ যন্ত্রপাতি; (ক) গভীর নলকূপ (খ) অগভীর নলকূপ (গ) হস্তচালিত নলকূপ/ওয়াটার পাম্প/ট্রেডল পাম্প।</td><td></td><td></td></tr>
</table>
</td></tr>
</table>

বিষয়: করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় বাংলাদেশ ব্যাংকে কর্তৃক ''কৃষি খাতে'' প্রাপ্ত ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ বিতরণের নীতিমালা।

| ক্র: নং | বিষয় | | বিবরণ |
|---|---|---|---|
| ৬। | ঋণ প্রাপ্তির যোগ্যতা | : | ক) উদ্যোক্তাকে বাংলাদেশের নাগরিক হতে হবে;<br>খ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য হতে হবে;<br>গ) আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের শেয়ার হোল্ডার হতে হবে;<br>ঘ) উদ্যোক্তার ১৮ বছরের উর্ধ্বে বয়স হতে হবে এবং দেউলিয়া, মাদকাসক্ত, আদালত কর্তৃক অভিযুক্ত, উম্মাদ ও জড়বুদ্ধি সম্পন্ন নহেন এমন ব্যক্তি হতে হবে;<br>ঙ) অবশ্যই স্বাক্ষরজ্ঞান সম্পন্ন হতে হবে;<br>চ) কোন গ্রাহক আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক বা অন্য ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ঋণ খেলাপী হলে তিনি এ তহবিলের আওতায় ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন না;<br>ছ) উদ্যোক্তার ইকুইটি বহনের ক্ষমতা থাকতে হবে;<br>জ) উদ্যোক্তা কর্তৃক অত্র ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় একটি সঞ্চয়ী/চলতি/বঙ্গবন্ধু সঞ্চয়ী আমানত হিসাব খুলে পরিচালনা করতে হবে;<br>ঝ) প্রত্যেক ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট শাখায় একটি এসডিপিএস হিসাব খুলতে হবে। |
| ৭। | ঋণ সীমা | : | একক গ্রাহকের ক্ষেত্রে সর্বোচ্চ ১০.০০ (দশ) লক্ষ টাকা এবং গ্রুপভিত্তিক ঋণের পরিমাণ সর্বোচ্চ ২০.০০(বিশ) লক্ষ টাকা। |
| ৮। | সুদের হার | : | ক) ক্রমহ্রাসমান পদ্ধতিতে বার্ষিক ৫%।<br>খ) কোন গ্রাহক ঋণ গ্রহণ করার পর খেলাপি হলে খেলাপি ঋণের স্থিতির উপর অতিরিক্ত ২% হারে দন্ডসুদ আরোপ করা যাবে। |
| ৯। | ঋণের মেয়াদ ও গ্রেস পিরিয়ড এবং ঋণ পরিশোধ পদ্ধতি | : | **মেয়াদ** : ঋণ গ্রহণের তারিখ হতে সর্বনিম্ন ১২ মাস ও সর্বোচ্চ ৩০ মাস ।<br>**গ্রেস পিরিয়ড** : বিদ্যমান কৃষি ও পল্লী ঋণ খাতের ঋণ নীতিমালা অনুযায়ী।<br>**পরিশোধ পদ্ধতি** : মাসিক কিস্তিতে (বিদ্যমান কৃষি ও পল্লী ঋণ খাতের ঋণ নীতিমালা অনুযায়ী)। |
| ১০। | ঋণ ও ইকুইটির অনুপাত | : | ক) ন্যূনতম ৭০ : ৩০। কোন উদ্যোক্তা বেশী মার্জিন প্রদানে আগ্রহী হলে তা অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যাবে।<br>খ) প্রকল্পে উদ্যোক্তার আয়, ব্যয়, মুনাফা এবং ব্যাংক ঋণ ও উদ্যোক্তার মার্জিন ইত্যাদি উল্লেখ করে প্রকল্পের ''প্রোজেক্ট প্রোফাইল'' দিতে হবে। |
| ১১। | প্রয়োজনীয় দলিলপত্রাদি (চেক লিষ্ট) | : | ক) আবেদনকারীর ২ (দুই) কপি সত্যায়িত ছবি;<br>খ) গ্যারান্টরের ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;<br>গ) আবেদনকারী ও গ্যারান্টরের জাতীয় পরিচয়পত্রের উভয় পার্শ্বের সত্যায়িত ফটোকপি;<br>ঘ) আবেদনকারী ও গ্যারান্টরের স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;<br>ঙ) ব্যাংক শেয়ার ক্রয়ের প্রমানকের সত্যায়িত ফটোকপি;<br>(অপারেশন সার্কুলার নং-৩৯/২০১৭ তারিখ ০৫-০৩-২০১৭ অনুযায়ী শেয়ার ক্রয় করতে হবে)।<br>চ) চাকুরীরত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি পত্র এবং ঋণ গ্রহণের অনাপত্তি পত্র;<br>ছ) সহজামানতি সম্পত্তির মালিকানা সংক্রান্ত চেইন ডকুমেন্টসহ সকল কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) :<br>i) মূল দলিলের কপি/ভায়া দলিলের কপি/আরএস থেকে সকল পর্চার সার্টিফাইড কপি/ খারিজা পর্চা/ ডিসিআর/ হালসনের খাজনা পরিশোধের দাখিলার সত্যায়িত কপি/Non-Encumbrance সার্টিফিকেট;<br>ii) প্রকল্প ভূমি স্থান নিজস্ব হলে প্রকল্প জমির মালিকানা সত্ত্বের দলিলাদি এবং ভাড়া হলে বৈধ ভাড়ার চুক্তি পত্র;<br>জ) ইকুইটির উৎস ও যোগান সম্পর্কে ঘোষনাপত্র থাকতে হবে;<br>ঝ) নিজস্ব বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অর্থের উৎস সম্পর্কে বাস্তবসম্মত ঘোষনাপত্র। |

# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

বিষয়: করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ''কৃষি খাতে'' প্রাপ্ত ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ বিতরণের নীতিমালা।

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিষয়</th><th></th><th>বিবরণ</th></tr>
<tr><td>১২।</td><td>চার্জ ডকুমেন্টস</td><td>:</td><td>ক) ডিপি নোট;<br>খ) লেটার অব গ্যারান্টি;<br>গ) লেটার অব হাইপোথিকেশন;<br>ঘ) তৃতীয় পক্ষের গ্যারান্টি (ঋণের নিরাপত্তা হিসাবে উদ্যোক্তার পরিবর্তে অন্য কোন ব্যক্তির জমির দলিলপত্র জমা রাখা/বন্ধক দেয়ার ক্ষেত্রে); তৃতীয় পক্ষের গ্যারান্টরের ক্ষেত্রে জামানতি সম্পত্তির চেইন ডকুমেন্টসহ সকল কাগজপত্র জমা দিতে হবে।<br>ঙ) লেটার অব রিভাইভাল;<br>চ) আবেদনকারীর ক্ষমতা অর্পণপত্র বা লেটার অব লিয়েন;<br>ছ) স্বামী/স্ত্রী (Spouse) এর জিম্মাদার পত্র;<br>জ) লেটার অব কন্টিনিউটি;<br>ঝ) যথাযথভাবে স্বাক্ষরিত ও পূরণকৃত মেমোরেন্ডাম অব ডিপোজিট অব চেকসহ উদ্যোক্তা কর্তৃক স্বাক্ষরিত যে কোন তফসিলি ব্যাংকের সঞ্চয়ী/চলতি হিসাবের সুদসহ পাওনা টাকার সমপরিমাণ অংকের ০২ (দুই)টি চেক।</td></tr>
<tr><td>১৩।</td><td>মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমে (ঋণ বীমা) চাঁদার পরিমাণ</td><td>:</td><td>অপারেশন সার্কুলার নং-১৯/২০১৬ তারিখ ১০ মে ২০১৬ অনুযায়ী ''মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম (Death Risk Coverage Scheme)" নীতিমালা অনুযায়ী অথবা সমন্বিত ঋণ নীতিমালার ২৩ নং অনুচ্ছেদ অনুযায়ী।</td></tr>
<tr><td>১৪।</td><td>ঋণ বিতরণ পদ্ধতি</td><td>:</td><td>ক) অত্র কার্যালয় কর্তৃক নির্ধারিত বরাদ্দ অনুযায়ী যথাসময়ে ঋণ বিতরণ সম্পন্ন করতে হবে।<br>খ) ঋণগ্রহীতাকে মঞ্জুরীকৃত ঋণের অর্থ অত্র ব্যাংকে পরিচালিত ঋণগ্রহীতার সঞ্চয়ী/চলতি হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে (বিস্তারিত মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী)।<br>গ) পুরাতন ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে ঋণ পরিশোধের ন্যূনতম একদিন পর ঋণ বিতরণ করতে হবে। (যেমন মাসের ১ তারিখে কোন ঋণ গ্রহীতার ঋণটি পরিশোধ করলে তাকে ন্যূনতম ৩ তারিখে ঋণ বিতরণ করা যাবে।)</td></tr>
<tr><td>১৫।</td><td>হিসাব কোড</td><td>:</td><td>বাংলাদেশ ব্যাংকের তহবিলে কৃষি ঋণ হিসাব কোড: ৩০৪২৩৩০০, কৃষি ঋণের সুদ হিসাব কোড: ২৯০১২১৯০, মেয়াদোত্তীর্ণ কৃষিঋণ হিসাব কোড: ৩০৪২৩৪০০</td></tr>
<tr><td>১৬।</td><td>ঋণ আবেদন ফরম ও ফরমের মূল্য</td><td>:</td><td>ঋণ আবেদন ফরম (এফ-৩৯) ব্যবহার করতে হবে।<br>ঋণ আবেদন ফরমের মূল্য নিম্নোক্তভাবে নির্ধারণ করতে হবে :
<table>
<tr><th>ক্র: নং</th><th>ঋণের সিলিং</th><th>ঋণের আবেদন ফরমের মূল্য</th></tr>
<tr><td>১</td><td>১ লক্ষ টাকা পর্যন্ত</td><td>৭৫/-</td></tr>
<tr><td>২</td><td>১.০০ লক্ষ টাকার উর্ধ্বে হতে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত</td><td>৩০০/-</td></tr>
<tr><td>৩</td><td>৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে যে কোন পরিমাণ</td><td>৪০০/-</td></tr>
</table></td></tr>
<tr><td>১৭।</td><td>লোন প্রসেসিং ফি</td><td>:</td><td>বিতরণকৃত ঋণের উপর ০.২০% হারে অফেরতযোগ্য লোন প্রোসেসিং ফি প্রযোজ্য হবে। তবে, নূন্যতম লোন প্রসেসিং ফি হবে ১০০/-(একশত) টাকা এবং সর্বোচ্চ হবে ১,০০০/-(এক হাজার) টাকা।</td></tr>
</table>

**বিষয়: করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ''কৃষি খাতে'' প্রাপ্ত ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ বিতরণের নীতিমালা।**

| ক্রঃনং | বিষয় | | বিবরণ |
|---|---|---|---|
| ১৮। | জামানত | : | **ক) প্রাথমিক জামানত :** প্রকল্প/ব্যবসার যাবতীয় মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশন থাকবে।<br>**খ) সহজামানত :**<br>i) i) ১.০০ (এক) লক্ষ টাকা পর্যন্ত ঋণের বিপরীতে সহজামানতের প্রয়োজন নেই। তবে এ ক্ষেত্রে ঋণের বিপরীতে ঋণ পরিশোধে সক্ষম এমন একজন ব্যক্তির ঋণের বিপরীতে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-'ক' অনুযায়ী ব্যক্তিগত গ্যারান্টি নিতে হবে;<br>ii) ১.০০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে আবেদনকারী/গ্যারান্টি প্রদানকারীর (তৃতীয় পক্ষের) সম্পত্তির মূল দলিল/সকল পর্চার সার্টিফাইড কপি Memorandum of Deposit of Title Deed সম্পাদনপূর্বক ব্যাংকে জমা রাখতে হবে এবং গ্যারান্টরের ব্যক্তিগত গ্যারান্টি গ্রহন করতে হবে।<br>iii) ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে ঋণগ্রহীতা কর্তৃক জামানতি সম্পত্তি ব্যাংকের অনুকূলে রেজিষ্টার্ড বন্ধক দিতে হবে। জামানতি সম্পত্তির মূল দলিল/সকল পর্চার সার্টিফাইড কপি ব্যাংকে জমা রাখতে হবে;<br>iv) আদালতের হস্তক্ষেপ/অনুমতি ব্যতীত বন্ধককৃত জমি বিক্রি করার ক্ষমতা ব্যাংকের অনুকূলে ক্ষমতা অর্পণ সংক্রান্ত একটি বিশেষ ধারা নিবন্ধিত দলিলে সংযোজন করতে হবে;<br>v) ২.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে জামানতি সম্পত্তির মালিকানা স্বত্ব সম্পর্কে আইন উপদেষ্টার মতামত নিতে হবে এবং ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে আইনগত মতামত গ্রহনের পাশাপাশি বন্ধকী দলিল যা আইন উপদেষ্টা কর্তৃক প্রস্তুত ও স্বাক্ষরিত হতে হবে।<br>গ) জামানতের অন্যান্য বিষয়সমূহ ঃ<br>i) কোন উদ্যোক্তার নিজের নামে সম্পত্তি না থাকলে ৩য় পক্ষীয় সম্পত্তি জামানত রেখে ঋণ প্রদান করা যাবে। এখানে তৃতীয় পক্ষ বলতে উদ্যোক্তার স্বামী/স্ত্রী (Spouse)/পিতা/মাতা/সন্তান/ভাই/বোন এবং সংশ্লিষ্ট এলাকায় স্থায়ীভাবে বসবাসরত ও ঋণ পরিশোধে সক্ষম এমন যে কোন ব্যক্তিকে বুঝাবে;<br>ii) ঋণ প্রদানকারী শাখার কর্ম এলাকার মধ্যে উদ্যোক্তার নিজের নামে সম্পত্তি না থাকলে অন্য কোন এলাকায় থাকলে, সেই সম্পত্তি জামানত রেখে উক্ত উদ্যোক্তাকে ঋণ প্রদান করা যাবে;<br>iii) যে সকল ঋণের বিপরীতে জামানত গ্রহন করা হয়, সে সকল ঋণের ক্ষেত্রে পল্লী এলাকায় জামানত হিসেবে বাস্তু ভূমি (বসতবাড়ি) গ্রহন করা যাবে না। বাস্তু ভূমি (বসতবাড়ি) এর অর্থ বাসগৃহ ও ইহার অধিনস্থ ভূমিসহ এবং তদসংলগ্ন দখলভুক্ত কোন প্রাঙ্গন, পুকুর, প্রার্থনার স্থান, প্রাইভেট কবরস্থান কিংবা শশ্মান ভূমিসহ এবং বসতবাড়ি কিংবা কৃষি অথবা হর্টিকালচারের সাথে সংশ্লিষ্ট সুবিধা ভোগের উদ্দেশ্যে ব্যবহৃত বাহির বাড়ি বা গৃহ এবং সুনির্দিষ্ট চৌহদ্দিভুক্ত জমি পতিত থাকুক বা না থাকুক ইহার আবাসভূমি (Homestead) অন্তর্ভুক্ত বলে গণ্য হবে।<br>**ঘ) রেজিষ্টার্ড বন্ধক সম্পাদনের প্রক্রিয়া :**<br>i) ঋণ মঞ্জুরী পত্র পাওয়ার পর নিম্নলিখিত কাগজপত্রসহ আইনজীবীর মাধ্যমে দুইটি দলিল এর মোসাবিদা সম্পন্ন করতে হবে :<br>❖ ঋণ মঞ্জুরীপত্র ;<br>❖ ঋণগ্রহীতার TIN সার্টিফিকেট; (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>❖ আইনগত মতামত;<br>❖ বন্ধকী দলিল ও আমমোক্তারনামা (Power of Attorney) দলিল প্রস্তুত করা ।<br>ii) বন্ধকী ও আমমোক্তারনামা দলিল এর মোসাবিদা সম্পন্ন হলে বন্ধকীর জন্য প্রয়োজনীয় সরকারী ফি জমা প্রদান করে স্থানীয় সাব-রেজিস্ট্রি অফিসে নিম্নলিখিত কাগজপত্রসহ ব্যাংকের একজন প্রতিনিধিকে উপস্থিত থাকতে হবে ঃ<br>❖ বন্ধকী ও আমমোক্তারনামা (Power of Attorney) দলিল ;<br>❖ বন্ধকীর জন্য প্রয়োজনীয় ফি প্রদানের রশিদ।<br>iii) বন্ধকী ও আমমোক্তারনামা দলিল সঠিক বিবেচনায় সাব-রেজিস্টার বন্ধকী সম্পন্ন করে একটি রশিদ প্রদান করবেন। উক্ত রশিদে দলিল নম্বর ও দলিল এর সিরিয়াল নম্বর উল্লেখ থাকবে। পরবর্তীতে সাব-রেজিস্ট্রি অফিসে আবেদন করে মূল বন্ধকী দলিল সংগ্রহপূর্বক তা সংশ্লিষ্ট ঋণগ্রহীতার ঋণ নথিতে সংরক্ষন করতে হবে। |

# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

**বিষয়: করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ''কৃষি খাতে'' প্রাপ্ত ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ বিতরণের নীতিমালা।**

| ক্র: নং | বিষয় | | বিবরণ |
|---|---|---|---|
| ১৯। | ঋণের পাশ বই | : | কৃষি ঋণসহ সকল ঋণ কর্মসূচির আওতায় ঋণ প্রদানের জন্য 'পাশ বই' আবশ্যক এবং এতদ্‌সংক্রান্ত বিদ্যমান সকল নিয়মকানুন যথাযথভাবে পালন করতে হবে। নতুন ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে অবশ্যই 'পাশ বই' ইস্যুর মাধ্যমে ঋণ বিতরণ করতে হবে। উল্লেখ থাকে যে, পাশ বইয়ের বিকল্প হিসেবে ব্যাংক স্টেটমেন্ট গ্রহণযোগ্য হবে। |
| ২০। | ঋণের সদ্ব্যবহার | : | ক) ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকল্পে নিজস্ব সুনির্দিষ্ট কর্ম-পরিকল্পনার আলোকে ঋণ বিতরণ, আদায় এবং সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি নিয়মিত মনিটর করতে হবে;<br>খ) বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে সংশ্লিষ্ট প্রকল্প/কৃষকদের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন এবং তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে ঋণের মনিটরিং ও মূল্যায়ন করবে;<br>গ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত খাতসমূহে এ ঋণ বিতরণ করতে হবে। |
| ২১। | রিপোর্টিং ও মনিটরিং | : | ক) বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে ঋণ বিতরণের পর ত্রৈমাসিক ভিত্তিতে ঋণ বিতরণ ও আদায়ের সমন্বিত বিবরণী বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের দাখিলের নিমিত্তে অত্র উপ-বিভাগে প্রেরণ করতে হবে।<br>খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে সরেজমিনে পরিদর্শন এবং তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে ঋণের সদ্ব্যবহার মনিটরিং এবং মূল্যায়ন করা হবে।<br>গ) রিপোর্টিং ও মনিটরিং এর সুবিধার্থে নিয়মিতভাবে ঋণ আদায় উপ-বিভাগে এতদ্‌সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে। |
| ২২। | ঋণ মঞ্জুরী ক্ষমতা | : | ক) আলোচ্য ঋণের আওতায় কোন গ্রাহককে প্রথম পর্যায়ে ঋণ মঞ্জুরী ক্ষমতা নিম্নোক্তভাবে প্রয়োগ করা যাবে: |

| ক্র: নং | পদবী | পদ | সর্বোচ্চ ঋণ মঞ্জুরী ক্ষমতা (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১ | ক) শাখা ব্যবস্থাপক | ১। অফিসার/এসও | ১.৫০ |
| | | ২। পিও/এসপিও | ২.০০ |
| | | ৩। লোকাল অফিস | ৩.০০ |
| | খ) আঞ্চলিক ব্যবস্থাপক | | ৩.০০ |
| | গ) উপ-মহাব্যবস্থাপক (ঋণ ও অগ্রিম) | | ৫.০০ |
| | ঘ) মহাব্যবস্থাপক (অপারেশন), অপারেশন মহাবিভাগ | | ৮.০০ |
| | ঙ) ব্যবস্থাপনা পরিচালক | | ৮.০০ লক্ষ টাকার উর্ধ্বে |

খ) একই গ্রাহককে পরবর্তী পর্যায়ে সমপরিমাণ ঋণ প্রদানে ঋণের খাত নির্বিশেষে নিম্নোক্তভাবে ঋণ মঞ্জুরী ক্ষমতা প্রয়োগ করা যাবে:

| ক্র: নং | পদবী | পদ | সর্বোচ্চ ঋণ মঞ্জুরী ক্ষমতা (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১ | ক) শাখা ব্যবস্থাপক | ১। অফিসার/এসও | ৩.০০ |
| | | ২। পিও/এসপিও | |
| | | ৩। লোকাল অফিস | |
| | খ) আঞ্চলিক ব্যবস্থাপক | | ৫.০০ |
| | গ) উপ-মহাব্যবস্থাপক (ঋণ ও অগ্রিম) | | ৮.০০ |
| | ঘ) মহাব্যবস্থাপক (অপারেশন), অপারেশন মহাবিভাগ | | ১০.০০ |
| | ঙ) ব্যবস্থাপনা পরিচালক | | ১০.০০ লক্ষ টাকার উর্ধ্বে |

| | | | |
|---|---|---|---|
| ২৩। | অন্যান্য শর্ত | : | ক) গ্রাহক যথাসময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হলে তা বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণীকরণ করতে হবে এবং প্রভিশন সংরক্ষণ করতে হবে।<br>খ) অত্র নীতিমালার আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ প্রদানের ক্ষেত্রে অন্যান্য বিষয়াদি যেমন- জামানত, আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণের সময়কাল, ঋণ গ্রহীতার যোগ্যতা নিরূপণ, ঋণ মঞ্জুরীপত্রের মেয়াদ, ঋণ বিতরণ, ঋণের সদ্ব্যবহার, তদারকি ও আদায় প্রক্রিয়ার ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা যথারীতি অনুসৃত হবে।<br>গ) ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে এই নীতিমালা সংক্রান্ত যেকোন বিষয় সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করতে পারবেন। |
| ২৪ | উপসংহার | : | উপরোক্ত নীতিমালার বিষয়ে কোন স্পষ্টীকরণ প্রয়োজন হলে অত্র বিভাগের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো। ফোন : ০২-৪৮৩১৩১৯১, ই-মেইল ঃ avublad@gmail.com |

# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

বিষয়: করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ''কৃষি খাতে'' প্রাপ্ত ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ বিতরণের নীতিমালা।

৩। **ইহা অবিলম্বে কার্যকর হবে।**

অনুমোদনক্রমে,

১৯/১০/২০২০
মোঃ শাহজাহান আকন্দ
উপ-বিভাগ প্রধান
ফোন ঃ 02-48313191
avublad@gmail.com

19.10.20
মোঃ আলাউদ্দিন
মহাব্যবস্থাপক (অপারেশন)
ফোন: 02-9347615
ই-মেইল: gmoperation@ansarvdpbank.gov.bd

সূত্র নং-২/২০/৪৯২/ ২২০০

তারিখ:১৯-১০-২০২০

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)</u>**

১। ষ্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং উপ-পরিচালক (ওয়েলফেয়ার), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২। ষ্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-বিভাগ প্রধান, কম্পিউটার উপ-বিভাগকে ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শণের অনুরোধসহ)।
৫। সকল নিরীক্ষা কর্মকর্তা, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৬। নথি/মহানথি।

১৯-১০-২০২০
মোঃ মঞ্জুরুল হাসান
সিনিয়র অফিসার